

ভোবের কাগজ

তারিখ ... ..  
পৃষ্ঠা ১৭ কলাম ... ৪

## বাংলা পিডিয়া প্রকাশিত হচ্ছে। আগামী বছর ৩ জানুয়ারি

কাগজ প্রতিবেদক : বাংলা ও ইংরেজিতে বাংলাদেশের বিশ্বকোষ 'বাংলা পিডিয়া' আগামী বছর ৩ জানুয়ারিতে প্রকাশিত হবে। মুদ্রিত পুস্তকাকারে এবং পিডিরমে একই সঙ্গে প্রকাশিত হবে এই বিশ্বকোষ। বাংলা ও ইংরেজি উভয় ভাষায় ৮ হাজার পৃষ্ঠা করে ১০ খণ্ডে প্রকাশিত হবে এই গ্রন্থ। এশিয়াটিক সোসাইটি এটা প্রণয়ন ও প্রকাশনার দায়িত্বে রয়েছে। গত ৫ বছরে সোসাইটি এ বিশ্বকোষ প্রকাশের কাজ শ্রায় শেষ করে এনেছে।

নেতৃত্ব পতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এশিয়াটিক সোসাইটি সংস্থার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে এ ঘোষণা দেন। আজ বৃহস্পতিবার সোসাইটির ৫০ বছর পূর্তি হচ্ছে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সোসাইটির সাধারণ সম্পাদক ড. সাজাহান মিয়া। সোসাইটির সভাপতি অধ্যাপক আব্দুল মমিন চৌধুরী ও অধ্যাপক

সিরাজুল ইসলাম এতে বক্তব্য রাখেন। এতে জানানো হয়, বাংলা পিডিয়া বর্তমান দেশ-বিদেশের ১ হাজার ২০০ জন পণ্ডিত অবদান রেখেছেন। নিরলসভাবে কাজ করেছেন ৪০ জন পণ্ডিত। দক্ষিণ এশিয়ার আন্তর্জাতিক মানের এ ধরনের বিশ্বকোষ এবারই প্রথম প্রকাশিত হতে যাচ্ছে।

বাংলা পিডিয়া প্রকল্পের মোট ব্যয় ৮ কোটি ৬০ লাখ টাকা। এর মধ্যে ২ কোটি ১০ লাখ টাকা এশিয়াটিক সোসাইটি এবং বাদবাকি টাকা সরকার দিচ্ছে।

বাংলাদেশের অতীত এবং বর্তমানের প্রতিটি বিষয়ের যাবতীয় তথ্য অন্তর্ভুক্ত থাকবে এই কোষগ্রন্থে। এ বিশ্বকোষ প্রকাশনার সমস্ত আয়োজন এরই মধ্যে শেষ হয়েছে। চলতি বছর বাজার চাহিদা জরিপের কতো পুস্তক সংখ্যা প্রকাশ করা হবে, তা নির্ধারণ শেষে মুদ্রণের কাজও শেষ করা হবে।